

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অতিরিক্ত জেলা জজ, ১ম আদালত-এর কার্যালয়

নোয়াখালী

## নিয়োগ বিজ্ঞপ্তি

জেলা জজ আদালত, নোয়াখালীতে নিম্নলিখিত শূন্য পদে সরাসরি নিয়োগের জন্য নিম্নেবর্ণিত শর্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

পদের নাম ও বেতন স্কেল	সংখ্যা	শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা
১। অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	০৮ (আট)	স্বীকৃত শিক্ষাবোর্ড হতে এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। বাংলা ও ইংরেজি টাইপে যথাক্রমে প্রতি মিনিটে ২০ ও ৩০ শব্দ।
২। জারিকারক	০১ (এক)	স্বীকৃত শিক্ষাবোর্ড হতে এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
৩। অফিস সহায়ক	০১ (এক)	৮ম শ্রেণী বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

১। প্রার্থীকে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে প্রকাশিত নির্ধারিত ফরম ([www.mopa.gov.bd](http://www.mopa.gov.bd)) স্বহস্তে পূরণ করে স্বাক্ষর প্রদানসহ আগামী ২৩/৬/২০১৯ খ্রি. তারিখের মধ্যে অফিস সময়ে সভাপতি, নিয়োগ ও বাছাই কমিটি ও অতিরিক্ত জেলা জজ, ১ম আদালত, নোয়াখালী-৩৮০০, বরাবরে আবেদনপত্র পৌঁছাতে হবে। নির্ধারিত তারিখের পরে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

২। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও বাংলাদেশ সুপ্রিমকোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা এর সার্কুলার নং ০৮/২০১৫এ, তারিখ : ০৭/০৬/২০১৫খ্রি. ও তৎকালীন সংস্থাপন ডিভিশনের স্মারক নং Estt./RI/R-73/72-109(500), তারিখ : ৫/৯/১৯৭২(অনুচ্ছেদ-৫) খ্রি.অনুসারে নোয়াখালী জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। উক্ত সার্কুলার ও স্মারকে বর্ণিত বিধানের সাথে সাংঘর্ষিক হওয়ায় বিগত ১৯/১১/২০১৭ খ্রি. তারিখে দৈনিক সমকাল ও দৈনিক আমাদের সময় পত্রিকায় প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করা হল।

৩। ২৩/০৬/২০১৯ খ্রি. তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়স সীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৪। প্রার্থীকে কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে।

৫। চাকুরীরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করতে হবে।

৬। দরখাস্তের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে-

(ক) ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি ছবি।

(খ) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার মূল সনদপত্র সমূহের সত্যায়িত কপি।

(গ) জাতীয় পরিচয়পত্রের মূল কপির সত্যায়িত কপি। যাদের জাতীয় পরিচয়পত্র এখনও হয়নি তাদেরকে জন্মনিবন্ধন সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

(ঘ) পৌরসভার মেয়র/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।

(ঙ) মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সংক্রান্ত সনদ এর সত্যায়িত কপি।

(চ) প্রার্থীর পত্র প্রাপ্তির ঠিকানা লিখিত ১০/- টাকার ডাক টিকেট যুক্ত (৯.৫'-৪.৫') একটি ফেরত খাম। খামের উপরে পদের নাম, কোটার নাম (মুক্তিযোদ্ধার ক্ষেত্রে) উল্লেখ করতে হবে।